# প্রেস বিজ্ঞপ্তি

**২৩ জানুয়ারি ২০২৪**

# তিন দিনের বাজুস ফেয়ার শুরু হচ্ছে ৮ ফেব্রুয়ারি

আগামী ৮ ফেব্রুয়ারি শুরু হচ্ছে তিন দিন ব্যাপী  বাজুস ফেয়ার-২০২৪। দেশের ইতিহাসে তৃতীয়বারের মতো জুয়েলারি শিল্পের সবচেয়ে বড় আয়োজন বাজুস ফেয়ার-২০২৪ আগামী ০৮, ০৯ ও ১০ফেব্রুয়ারি ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরা (আইসিসিবি) হল-০৪, নবরাত্রি, ৩০০ ফিট পূর্বাচল এক্সপ্রেস ঢাকায় অনুষ্ঠিত হবে।

বাজুস ফেয়ার প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ৯টা পর্যন্ত ক্রেতা-দর্শনার্থীদের জন্য উম্মুক্ত থাকবে বাজুস ফেয়ার। বাজুস ফেয়ারের টিকিট মূল্য ১০০ টাকা। ৫ বছর বয়স পর্যন্ত শিশুদের মেলায় প্রবেশে কোন টিকিট লাগবে না।

এবারের বাজুস ফেয়ারে ৪১ টি জুয়েলারি প্রতিষ্ঠান অংশগ্রহন করবে। এসব প্রতিষ্ঠান ক্রেতাদের জন্য বিশেষ অফার দেয়ার ঘোষনা দিয়েছে।

বাজুস আশা করছে- বাজুস ফেয়ার-২০২৪ দেশীয় জুয়েলারি শিল্পকে সমৃদ্ধশালী করার পাশাপাশি বিশ্ববাজারে বাংলাদেশের নতুন অবস্থান তৈরিতে সহায়ক ভূমিকা রাখবে। দেশের স্বর্ণ শিল্পীদের হাতে গড়া নিত্য নতুন আধুনিক ডিজাইনের অলংকারের পরিচিতি বাড়বে বিশ্ববাজারে।

**রাশেদ রহমান অমিত**
মিডিয়া এন্ড কমিউনিকেশন স্পেশালিষ্ট
মোবাইল: ০১৭৭৩১৩৮৭